গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
টাউন প্লানিং

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধনি দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মো: মাহমুদ হোসেন<br>সিনিয়র প্ল্যানার |
| সভার তারিখ | ৩১ আগস্ট ২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | সেমিনার কক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি তার সূচনা বক্তব্যে অত্র দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বিষয়ে আওতাধীন আঞ্চলিক অফিসের প্রধানগণের সাথে আলোচনা করেন। এ পর্যায়ে তিনি কমিটির সদস্য জনাব মোহসিনাত নাসরিন, প্ল্যানার কে সভা পরিচালনা করার জন্য আহবান জানান।

২.০। অত্র দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর প্রতিষ্ঠানিক কার্যক্রমের ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুর্নগঠন, সিদ্ধান্ত বাস্তবায়ন, সভা আয়োজন, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন বিষয়গুলো সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

২.১। জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, সিলেট আঞ্চলিক অফিস, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুর্নগঠন বিষয়ে আঞ্চলিক অফিসের সক্ষমতা নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এ ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে পরিবীক্ষণ কমিটি পুর্নগঠন করার যে নির্দেশনা রয়েছে। কিন্তু, সিলেট আঞ্চলিক কার্যালয়ে মাত্র একজন কর্মকর্তা রয়েছে। এমতাবস্থায়, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী কমিটি গঠন করা সম্ভব নয়। কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন। এ বিষয়ে সকল আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ একমত পোষণ করেন।

২.২। জনাব আসাদুজ্জামান, সিনিয়র প্ল্যানার, বরিশাল আঞ্চলিক অফিস, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন বিষয়ে জানতে চান, স্টেকহোল্ডার গণ কারা হবেন এবং সিটিজেন চার্টার হালনাগাদকরণে অভ্যন্তরীণ সেবাসমূহ অন্তর্ভুক্ত করা যাবে কিনা।

২.৩। কমিটির সভাপতি জনাব মাহমুদ হোসেন সিনিয়র প্ল্যানার বলেন, প্রধান কার্যালয়ের সিটিজেন চার্টারে অভ্যন্তরীন সেবা অর্ন্তভূক্ত রয়েছে। সুতরাং আঞ্চলিক কার্যালয় যে সকল অভ্যন্তরীন সেবা প্রদান করে থাকে তা সিটিজেন চার্টারে অন্তর্ভূক্ত করা যেতে পারে। তিনি আরো উল্লেখ করেন আঞ্চলিক কার্যালয়ে যে সকল কর্মকর্তা/কর্মচারী আছেন তাদের সমন্বয়ে কমিটি গঠন করা যেতে পারে।

সিদ্ধান্তসমূহঃ


১। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি প্রতি ত্রৈমাসিকে পুনঃগঠন করতে হবে।

২। সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি গঠনের জন্য আঞ্চলিক অফিসের যে সকল কর্মকর্তা/কর্মচারী রয়েছেন তাদের সমন্বয়ে প্রতি ত্রৈমাসিকে কমিটি পুর্নঃগঠন করা।

৩। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রধান কার্যালায়ে আঞ্চলিক অফিসের সহিত অনুষ্ঠিতব্য সভাই আঞ্চলিক অফিসের সভা হিসেবে গণ্য হবে।

৪। আঞ্চলিক কার্যালয় যে সকল অভ্যন্তরীন সেবা প্রদান করে থাকে, তা সিটিজেন চার্টারে অন্তর্ভূক্ত করে প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করতে হবে।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মো: মাহমুদ হোসেন
সিনিয়র প্ল্যানার

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩২.০০৯.১৭.২৪

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর
৩) সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
৪) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
৫) প্ল্যানার, রিজিওনাল প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৬) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৭) সহকারী প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৮) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



মো: রাসেদুল ইসলাম
সহকারী প্ল্যানার ও সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি
বাস্তবায়ন সংক্রান্ত কমিটি

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভার উপস্থিতির তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | ফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | মোঃ মাহমুদ হোসেন<br>সিনিয়র প্ল্যানার | 01716011827<br>mahamud_planner@yahoo.com | [signature]<br>৩১/০৮/2022 |
| ০২ | ইসরাত জাহান | 01918123421<br>isratemu@gmail.com | Israt Jahan<br>31.08.2022 |
| ০৩ | মোছাম্মাত নাসরিন<br>প্ল্যানার | 01676172696<br>nasrinu94@gmail.com | [signature]<br>31-08-2022 |
| ০৪ | মোঃ রাশেদুল ইসলাম<br>সহকারী প্রোগ্রামার | 01716119223<br>rashed.udd@gmail.com | [signature]<br>৩১/০৮/2022 |

